**Website: www.bb.org.bd**

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

**জিবিসিএসআরডি সার্কুলার নং-০৩**

তারিখ ঃ এপ্রিল ০৯, ২০১৫ / চৈত্র ২৬, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**আর্থিক অন্তর্ভুক্তির আওতায় ১০(দশ),৫০(পঞ্চাশ),ও ১০০(একশত)**
**টাকায় খোলা হিসাবসমূহের সমন্বিত বিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

সমাজের সুবিধা বঞ্চিত এবং আর্থিক সেবা বহির্ভুক্ত (Financial Excluded) জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় ন্যূনতম টাকা জমাকরণের মাধ্যমে কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি দরিদ্র উপকারভোগী, অতি-দরিদ্র মহিলা উপকারভোগী, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর আওতায় সুবিধাভোগী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, স্কুলের শিক্ষার্থী, কর্মজীবী পথশিশু-কিশোর, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, আইলা দুর্গত ব্যক্তি, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাব খোলার জন্য ব্যাংকসমূহকে বিভিন্ন সময়ে বিভিন্ন সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত বিশেষ শ্রেনীভুক্ত হিসাবসমূহ খোলার অগ্রগতি পর্যালোচনা এবং আর্থিক অন্তর্ভুক্তি বিশ্লেষনের জন্য বাংলাদেশ ব্যাংক হতে অক্টোবর ৩০, ২০১৩ তারিখের জিবিসিএসআরডি(জিবি)/১০০৩/১৬/২০১৩/২২৩১ও ২২৪০-২২৪৬ এবং জিবিসিএসআরডি(জিবি) /১০০৩/১৬ ২০১৩/২২৩০-২২৩৯ নং পত্রের মাধ্যমে কৃষক এবং কৃষক ব্যতীত ভাতাভোগী অন্যান্য ১০ টাকা ও ১০০ টাকার হিসাব গ্রহীতা, জিবিসিএসআরডি সার্কুলার নং ০৭/২০১৩ এর মাধ্যমে স্কুল ব্যাংকিং, জিবিসিএসআরডি সার্কুলার নং ০৫/২০১৩ এর মাধ্যমে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, জিবিসিএসআরডি সার্কুলার নং ০৬/২০১৩ এর মাধমে চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, বিআরপিডি সার্কুলার নং ০৫/২০১৪ কর্মজীবী পথশিশু-কিশোরদের জন্য এবং জিবিসিএসআরডি সার্কুলার নং ০১/২০১৫ এর মাধমে দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের ব্যাংক হিসাব খোলা সংক্রান্ত তথ্যাদির অগ্রগতি বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণের পরামর্শ দেয়া হয়েছিল।

এক্ষণে ব্যাংকগুলো কর্তৃক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত বিবরণীতে অভিন্নতা বজায় রাখা, আর্থিক অন্তর্ভুক্তির সামগ্রিক চিত্র পর্যালোচনা করা এবং নির্ভুল তথ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে;

১. আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় খোলা ব্যাংক হিসাবের বিবরণীসমূহ সমন্বিত আকারে ''আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ), ৫০(পঞ্চাশ) ও ১০০(একশত) টাকার ব্যাংক হিসাবের অগ্রগতি বিবরণী'' প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী মাসের মধ্যে গ্রিন ব্যাংকিং এবং সিএসআর ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক বরাবর সংযুক্ত ফরম-১, ফরম-২ এবং ফরম-৩ অনুযায়ী ই-মেইল (gmgbcsr@bb.org.bd) এর মাধ্যমে সফ্‌ট কপি এবং হার্ড কপি প্রেরণ করতে হবে। **ব্যাংকগুলো মার্চ ৩১, ২০১৫ ভিত্তিক প্রথম ত্রৈমাসিক বিবরনী এপ্রিল, ২০১৫ এর মধ্যে প্রেরণ করবে।**

২. ব্যাংকগুলো এখন থেকে কোন প্রকার সার্ভিস চার্জ/ফি ব্যতিরেকে নূন্যতম ১০(দশ) টাকা, ৫০(পঞ্চাশ) এবং ১০০(একশত) টাকা জমা গ্রহণের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী এবং নিম্ন আয়ের পেশাজীবীদের জন্য ব্যাংক হিসাব খুলতে পারবে। তবে, এধরণের হিসাব খোলা পরবর্তী এ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের গ্রিন ব্যাংকিং এবং সিএসআর ডিপার্টমেন্টেকে অবহিত করতে হবে এবং যথারীতি তা ত্রৈমাসিক বিবরণীর (সংযুক্ত ফরম-১) 'অন্যান্য' হিসাব খোলার খাতে অন্তর্ভুক্ত করে বিবরণী প্রেরণ করতে হবে।

৩. আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক শিক্ষা কার্যক্রম নিবিড়ভাবে পরিচালনার জন্য ব্যাংকের প্রধান কার্যালয়ে "আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক শিক্ষা" নামে একটি শাখা/সেল প্রতিষ্ঠা করতে হবে।

৪. বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদ্‌সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী।

(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩২০

# ১০(দশ)/৫০(পঞ্চাশ)/১০০(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের বিবরনী

-----------ব্যাংক লিঃ

## মার্চ ৩১/ জুন ৩০/ সেপ্টেম্বর ৩০/ডিসেম্বর ৩১ ভিত্তিক হিসাব বিবরণী

(কোটি টাকায়)

| হিসাব খোলার খাত | হিসাবের বিস্তারিত তথ্যাদি | | | সরকারী ভর্তুকী/বেতন জমার কাজে ব্যবহৃত হিসাব | | ১০ টাকার হিসাবে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন:অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ বিতরণ | | বৈদেশিক রেমিটেন্স জমা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | হিসাব খোলায় অন্তর্ভুক্ত সর্বমোট শাখার সংখ্যা | খাতওয়ারি মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমান | হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমান | হিসাব সংখ্যা | ঋণ বিতরণের পরিমান | হিসাব সংখ্যা | রেমিটেন্সের পরিমান |
| কৃষক | | | | | | | | | |
| 'অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির সুবিধাভোগী | | | | | | | | | |
| মুক্তিযোদ্ধা | | | | | | | | | |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | | | | | | | | | |
| ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্পের আওতায় 'অতি দরিদ্র উপকারভোগী | | | | | | | | | |
| ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদানের উপকারভোগী | | | | | | | | | |
| ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক | | | | | | | | | |

| হিসাব খোলার খাত | হিসাবের বিস্তারিত তথ্যাদি | | | সরকারী ভর্তুকী/ বেতন জমাার কাজে ব্যবহৃত হিসাব | | ১০ টাকার হিসবে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন:অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ বিতরণ | | বৈদেশিক রেমিটেন্স জমা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | হিসাব খোলায় অন্তর্ভুক্ত সর্বমোট শাখার সংখ্যা | সকল খাতে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমান | হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমান | হিসাব সংখ্যা | ঋণ বিতরণের পরিমান | হিসাব সংখ্যা | রেমিটেন্সের পরিমান |
| তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক | | | | | | | | | |
| এলএসবিপিসি (লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল) প্রকল্পভুক্ত পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ক্ষুদ্র কারখানার কারিগর | | | | | | | | | |
| ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগী | | | | | | | | | |
| ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা | | | | | | | | | |
| দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা | | | | | | | | | |
| *অন্যান্য | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | |

*(হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও স্বাক্ষর

পদবী

ফোন নম্বর

বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা

ফরম-২

# স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় খোলা ব্যাংক হিসাবের বিবরণী

---------ব্যাংক লিঃ

মার্চ ৩১/ জুন ৩০/ সেপ্টেম্বর ৩০/ডিসেম্বর ৩১ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী

(কোটি টাকায়)

| হিসাবের ধরণ | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা:পল্লী শাখা | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা: শহর শাখা | মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | মোট স্কুল সংখ্যা: (ফি সংগ্রহ করা হয় এমন স্কুল সংখ্যা) | চলতি ত্রৈমাসিকে মোট জমার পরিমান | চলতি ত্রৈমাসিকে মোট উত্তোলনের পরিমান | মোট পুঞ্জীভূত স্থিতির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|
| সঞ্চয়ী হিসাব | | | | | | | |
| সঞ্চয়ী স্কীম-১ | | | | | | | |
| -------- | | | | | | | |
| -------- | | | | | | | |
| মোট | | | | | | | |

** সকল জমার পরিমান কোটি টাকায়

** স্কুল ব্যাংকিং বিভিন্ন স্কীমের ক্ষেত্রে পর্যায়ক্রমে উল্লেখ

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার
নাম ও স্বাক্ষর
পদবী
ফোন নম্বর

ফরম-৩

# পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের জন্য খোলা ব্যাংক হিসাবের বিবরনী

-----------ব্যাংক লিঃ

মার্চ ৩১/ জুন ৩০/ সেপ্টেম্বর ৩০/ডিসেম্বর ৩১ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী

(কোটি টাকা)

| ব্যাংক শাখার নাম | এনজিওর নাম ও ঠিকানা | কাস্টডিয়ানের (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদ্বয়ের) নাম, পদবী এবং ফোন নম্বর | চলতি ত্রৈমাসিকে | | | | মোট পুঞ্জিভূত হিসাব সংখ্যা | মোট পুঞ্জিভূত স্থিতির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | খোলা হিসাবের সংখ্যা | বন্ধ হওয়া হিসাবের সংখ্যা | মোট জমা | মোট উত্তোলন | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও স্বাক্ষর
পদবী
ফোন নম্বর